

টোকিও, ০৪ নভেম্বর ২০২৩

টোকিওতে জাতীয় সংবিধান দিবস উদযাপিত

জাতীয় সংবিধান দিবস উপলক্ষে আজ টোকিওস্থ বাংলাদেশ দূতাবাসে বিশেষ আলোচনা সভার আয়োজন করা হয়।

অনুষ্ঠানের শুরুতে দিবসটি উপলক্ষ্যে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত বাণী পাঠ করা হয়।

আলোচনা পর্বে জাপানে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত শাহাবুদ্দিন আহমদ বলেন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান পৃথিবীর অন্যতম সুলিখিত একটি শাসনতন্ত্র। দেশে আইনের শাসন প্রতিষ্ঠা ও নাগরিকের মৌলিক অধিকার নিশ্চিত করতে এই সংবিধানই হলো মূল ভিত্তি। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে ৯ মাস রক্তক্ষয়ী যুদ্ধের মাধ্যমে আমরা পেয়েছি স্বাধীন বাংলাদেশ, লাল সবুজ পতাকা আর পবিত্র এই সংবিধান।

তিনি বলেন, স্বাধীনতার এক বছরের মধ্যেই বঙ্গবন্ধুর নেতৃত্বে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান প্রণয়ন করা হয়। এত স্বল্প সময়ে জাতিকে সংবিধান উপহার দেওয়া বঙ্গবন্ধুর এক অনন্য কৃতিত্ব। রাষ্ট্রদূত বলেন, আমাদের সংবিধান পৃথিবীর শ্রেষ্ঠ সংবিধানসমূহের মধ্যে অন্যতম, যাতে প্রত্যেক নাগরিকের সমান অধিকার এবং আইনের আশ্রয়লাভের অধিকার প্রদান করা হয়েছে। তিনি সংবিধানের মর্যাদা সমুল্লত রেখে ২০৪১ সালের মধ্যে একটি উন্নত-সমৃদ্ধ ও স্মার্ট বাংলাদেশ গড়তে সবাইকে নিজ নিজ অবস্থান থেকে কাজ করার আহ্বান জানান।

পরে উপস্থিত অতিথিবৃন্দ সংবিধান দিবসের আলোচনায় অংশগ্রহণ করেন।

অনুষ্ঠানে দূতাবাসের কর্মকর্তা- কর্মচারীগণ উপস্থিত ছিলেন।